

DD(A)
২২/৮/২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
Web site: www.doict.gov.bd

AD (A)
স্ব.সচ. ডি.ভি.ডি
২২/৮/২০১৭

স্মারক নং:-৫৬.০৪.০০০০.০০১.০১৮.০০১.১৫-৪৪৮৮

তারিখ:- ০২ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
১৭ আগস্ট ২০১৭খ্রি:

বিষয়: বর্তমান বন্যা পরিস্থিতিতে শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর কম্পিউটার ও ফার্নিচারসহ অন্যান্য আইটি সরঞ্জামের রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অধীনে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় বিগত জুন/২০১৭খ্রি: পর্যন্ত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ২৮০১টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ১০০টি শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম স্থাপন করা হয়। বর্তমানে দেশের ২৬টি জেলার বিস্তৃত এলাকা বন্যায় প্লাবিত। প্রাকৃতিক এ দুর্ঘটনার কারণে ইতোমধ্যে অনেক শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়েছে। বন্যা কবলিত অনেক মানুষ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আশ্রয় গ্রহণ করেছেন। সারাদেশে বন্যায় আক্রান্ত এ মানবিক বিপর্যয়ের আশঙ্কার পাশাপাশি সরকারি সম্পদ রক্ষণাবেক্ষণে ঝুঁকির সৃষ্টি হচ্ছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মাধ্যমে স্থাপিত ২৯০১টি ল্যাবের ফার্নিচারসহ কম্পিউটার ও অন্যান্য আইটি সরঞ্জাম বন্যার পানিতে বিনষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে এবং আইটি সরঞ্জাম চুরি/ খোয়া যাওয়ার ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে।

এমতাবস্থায়, বন্যা প্লাবিত এলাকায় অবস্থিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ফার্নিচারসহ কম্পিউটার ও অন্যান্য আইটি সরঞ্জাম রক্ষণাবেক্ষণ (প্রয়োজনে অন্যত্র সরিয়ে) ও নিরাপত্তায় বিশেষ নজরদারির ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৭.০৮.২০১৭
বনমালী ভৌমিক

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন-০২-৮১৮১১০০

জেলা প্রশাসক

ঢাকা/ফরিদপুর/গাজীপুর/গোপালগঞ্জ/মানিকগঞ্জ/মুন্সীগঞ্জ/নারায়নগঞ্জ/নরসিংদী/শরীয়তপুর/শেরপুর/ময়মনসিংহ/নেত্রকোণা/রাজবাড়ী/
টাঙ্গাইল/জামালপুর/কিশোরগঞ্জ/মাদারীপুর/বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/চট্টগ্রাম/কক্সবাজার/কুমিল- ১/ব্রাহ্মণবাড়িয়া/ফেনী/চাঁদপুর/লক্ষ্মীপুর
/নোয়াখালী/সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ/বাগেরহাট/চুয়াডাঙ্গা/যশোর/ঝিনাইদহ/খুলনা/কুষ্টিয়া/মাগুরা/মেহেরপুর/নড়াইল/
সাতক্ষীরা/বরিশাল/ভোলা/বরগুনা/ঝালকাঠি/পিরোজপুর/পটুয়াখালী/বগুড়া/চাঁপাইনবাবগঞ্জ/জয়পুরহাট/নওগাঁ/নাটোর/পাবনা/রাজশাহী/
সিরাজগঞ্জ/দিনাজপুর/গাইবান্ধা/কুড়িগ্রাম/লালমনিরহাট/নীলফামারী/পঞ্চগড়/রংপুর/ঠাকুরগাঁও।

অনুলিপি:

- ১) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (দৃ: আকর্ষনে সচিব মহোদয়ের একান্ত সচিব)।
- ২) প্রকল্প পরিচালক, সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প।
- ৩) সহকারী প্রকল্প পরিচালক, সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প।
- ৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫) পরিচালক (অর্থ ও প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৭) অফিস কপি।